

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির আগষ্ট/২০২৩
মাসের সভার কার্যবিবরণী

স্থান-উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ-১০/০৮/২৩,

সময়-সকাল ১১.০০ ঘটিকা।

সভার সদস্যগণের উপস্থিতি-

ক্রম	নাম ও পদবী	ঠিকানা	স্বাক্ষর
১	ভাইস চেয়ারম্যান,(পুরুষ) উপজেলা পরিষদ	সভাপতি	স্বাক্ষরিত
২	ভাইস চেয়ারম্যান,(মহিলা) উপজেলা পরিষদ	সদস্য	
৩	সহকারী উজলা শিক্ষা অফিসার	সদস্য	
৪	চেয়ারম্যান সদর ইউ.পি	সদস্য	
৫	মো: আব্দুস সামাদ (অবসর প্রাপ্ত প্রাথমিক শিক্ষক)	সদস্য	
৬	উপজেলা শিক্ষা অফিসার	সদস্যসচিব	


সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান এবং উপজেলা শিক্ষা অফিসারকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান। সভায় উপজেলা শিক্ষা অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং তা সর্ব সম্মতভাবে গৃহীত হয়।


১। সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বর্তমানে পরিবেশ বিপর্যয় দেশের জন্য একটি প্রধান সমস্যায় পরিণত হয়েছে। এ বিপর্যয় থেকে দেশকে রক্ষা করার জন্য গাছ লাগানোর কোন বিকল্প নাই। এখনই গাছ লাগানোর উপযুক্ত সময়। তাছাড়া বৃক্ষ রোপনের বিষয়ে মাননীয় প্রধান মন্ত্রীর সুসিদ্ধিষ্ট নির্দেশনা রয়েছে। তৎপ্রেক্ষিতে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,সাতক্ষীরা মহোদয় প্রাথমিক বিদ্যালয়সমূহে দুস্থাপ্য বনজ ও ঔষধি বৃক্ষ রোপনের পরামর্শ দিয়েছেন।

উল্লিখিত বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ আলোচনা করেন এবং উপজেলার ৫৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫টি দুস্থাপ্য বনজ ও ৫টি দুস্থাপ্য ঔষধি বৃক্ষ রোপনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা শিক্ষা অফিসার বন বিভাগ,দেবহাটা,সাতক্ষীরার সাথে যোগাযোগপূর্বক বৃক্ষের চারা সংগ্রহের বিষয়টি নিশ্চিত করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


উপজেলা শিক্ষা অফিসার,
দেবহাটা,সাতক্ষীরা।


সভাপতি ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
প্রাথমিক ও গণশিক্ষা সংস্থা, স্থায়ী কমিটি
দেবহাটা,সাতক্ষীরা।

-126

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির অক্টোবর/২০২৩
মাসের সভার কার্যবিবরণী

স্থান-উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ-১১/১০/২৩,

সময়-সকাল ১১.০০ ঘটিকা।

সভার সদস্যগণের উপস্থিতি-

ক্রম	নাম ও পদবী	ঠিকানা	স্বাক্ষর
১	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	দেবহাটা, সভাপতি	স্বাক্ষরিত
২	উপজেলা পরিষদ সদস্য (মহিলা)	দেবহাটা, সদস্য	
৩	উপজেলা পরিষদ সদস্য	দেবহাটা, সদস্য	
৪	উপজেলা পরিষদ সদস্য	দেবহাটা, সদস্য	
৫	অবসর প্রাপ্ত প্রাথমিক শিক্ষক	দেবহাটা, সদস্য	
৬	বিশিষ্ট ব্যক্তি	দেবহাটা, সদস্য	
৭	উপজেলা শিক্ষা অফিসার	দেবহাটা, সদস্যসচিব	

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান এবং উপজেলা শিক্ষা অফিসারকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান। সভায় উপজেলা শিক্ষা অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং তা সর্ব সম্মতভাবে গৃহীত হয়।

১। সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, উপজেলার অনেকগুলো বিদ্যালয়ে একাধিক ভবন আছে। ভবনগুলো মাঠের দুই প্রান্তে হওয়ায় বর্ষার সময় এক ভবন হতে অন্য ভবনে যেতে কোমলমতি শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ খুবই অসুবিধার সম্মুখীন হন। এজন্য এই সকল বিদ্যালয়ে সংযোগ সড়ক নির্মাণ করা প্রয়োজন।


উল্লিখিত বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ আলোচনা করেন এবং অগ্রাধিকার ভিত্তিতে নিম্নের ৫টি বিদ্যালয়ে সংযোগ সড়ক নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ক। দেবহাটা মডেল সপ্রাবি খ। দ: সখিপুর সপ্রাবি গ। কোমরপুর সপ্রাবি ঘ) খেজুরবাড়ীয়া সপ্রাবি ঙ) নাংলা উত্তর নওয়াপাড়া

উপজেলা শিক্ষা অফিসার উপজেলা প্রৌকশলী এর মাধ্যমে উল্লিখিত ৫টি বিদ্যালয়ে সংযোগ সড়ক নির্মাণের জন্য এস্টিমেট প্রস্তুতের ব্যবস্থা নিবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/১০/২৩
উপজেলা শিক্ষা অফিসার,
দেবহাটা, সাতক্ষীরা।


সভাপতি ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
দেবহাটা, সাতক্ষীরা।